গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাপাসিয়া, গাজীপুর
www.kapasia.gazipur.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪১.৩৩৩৬.০০.০০০.৯৯.০০১.২৫-৭৪০

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
২৭ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

## নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাপাসিয়া উপজেলার টোক ইউনিয়নের উলুসরা গ্রামের উলুসরা বাজারের পিছনে নদীর পাড় এলাকায় অবৈধভাবে উত্তোলিত ও মজুদকৃত ১ (একটি) স্থানে ১,১৯,৩২২ (এক লক্ষ উনিশ হাজার তিনশত বাইশ) ঘনফুট বালু জব্দ করে স্পটে রাখা আছে। এ বালুসমূহ সুষ্ঠু বিলিবন্টনের স্বার্থে এবং নিলামের নিমিত্ত নিম্ন উল্লেখিত স্থানের বালু আগামী ০১-১২-২০২৫খ্রিঃ তারিখ রোজ সোমবার বিকাল ৩.০০ ঘটিকায় উপজেলা পরিষদের হলরুমে **উন্মুক্ত** নিলামের মাধ্যমে ডাক হবে,উক্ত নিলামে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান সমূহকে যথা সময়ে উপস্থিত থাকার জন্য আহবান করা হলো।

| ক্রমিক নং | জব্দকৃত বালুর স্থানের নাম: | পরিমাণ (ঘন ফুট) |
|---|---|---|
| ০১ | টোক ইউনিয়নের ০১নং ওয়ার্ড উলুসরা গ্রামের উলুসরা বাজারের পিছনে নদীর পারে | ১,১৯,৩২২ |

নিলামের শর্ত:-

০১। নিধারিত সময় সরাসরি ডাকের মাধ্যমে নিলাম অনুষ্ঠিত হবে, নিলামের সর্বোচ্চ দরদাতাকে তাৎক্ষনিক ভাবে সরাসরি মনোনীত করা হবে।

**০২। দরদাতাকে সরকারী নির্ধারিত মূল্যের ২৫% অর্থ জমা প্রদান করে নিলামে অংশগ্রহণ করতে হবে। নিলামে বিজয়ী/সর্বোচ্চ দরদাতা তাৎক্ষনিকভাবে মূল্য পরিশোধে ব্যর্থ হলে জামানতের ২৫% অর্থ বাজেয়াপ্ত করা হবে।**

**০৩। সর্বোচ্চ দরদাতাকে তাৎক্ষনিক উপস্থিতির মাধ্যমে নিলামের সম্পূর্ন টাকা পরিশোধ করতে হবে। কোন চেক গ্রহণ করা হবে না। এ ক্ষেত্রে কোন প্রকার আপত্তি/অনুরোধ গ্রহণযোগ্য নয়।**

**৪। সর্বোচ্চ দরদাতা মূল্য পরিশোধসহ অন্যান্য কোন শর্ত পূরণে অযোগ্য হলে ২য় সর্বোচ্চ দরদাতা নিলাম প্রাপ্তির যোগ্যতা অর্জন করবেন এবং ২য় সর্বোচ্চ দরদাতা ব্যর্থ হলে একই নিয়মে ৩য় সর্বোচ্চ দরদাতা নিলাম প্রাপ্তির বিবেচনায় আসবেন। কর্তৃপক্ষ নিলাম প্রদানের বিষয়ে সকল ক্ষমতা সংরক্ষণ করবেন।**

**০৫। দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃক যে দর প্রদান করবেন তার সাথে ১৫% ভ্যাট ও ১০% আয়কর অতিরিক্ত হিসাবে সংযুক্ত করে সরকারী কোষাগারে জমা দিতে হবে।**

০৬। নিলামে যে কেউ অংশগ্রহণ করতে পারবেন।

০৭। নিলাম বাতিল/স্থগিত করার এখতিয়ার কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন।

**০৮। নিলাম প্রাপ্তির পর ১৫ (পনের) দিনের ভিতরে অর্থাৎ আগামী ১৫/১২/২০২৫ইং এর মধ্যে আবশ্যিক ভাবে নিলামকৃত বালু অপসারণ করতে হবে। পরবর্তীতে সময় বৃদ্ধির আবেদন কোন ক্রমেই গ্রহণ করা হবে না।**

তামান্না তাসনীম
উপজেলা নির্বাহী অফিসার
কাপাসিয়া, গাজীপুর
ফোন: ০১৩১৭০৪১৩০০
ই-মেইল: unokapasia@mopa.gov.bd

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ
১। জেলা প্রশাসক, গাজীপুর।
২। পুলিশ সুপার,গাজীপুর।
৩। সহকারী কমিশনার (ভূমি), কাপাসিয়া, গাজীপুর।
৪। অফিসার ইনচার্জ, কাপাসিয়া, গাজীপুর।
৫। জনাব..............................
৬। অফিস কপি।

Scanned with CamScanner